**Special English Private Care**
by
**Hashibul Hasan Sifat**

## ❖ *PARTS OF SPEECH*

Modern English Grammar- এ Parts of Speech এর স্থলে Word Classes শব্দটি বেশি ব্যবহৃত হয়। Part- অর্থ 'অংশ' আর Speech- এর অর্থ হলো' বাক্য'। সুতরাং বলা যায়, Parts of Speech- এর অর্থ 'পদ' বা 'বাক্যাংশ'। আমাদের আজকের আলোচ্য বিষয় Parts of Speech বা Word Classes মূলত Word- এর Classification বা শব্দের শ্রেণিবিন্যাস নিয়ে আলোচনা করবো। ইংরেজি ভাষায় কোন Sentence-এ ব্যবহৃত প্রতিটি Word-ই ভিন্ন ভিন্ন কাজ সম্পন্ন করে থাকে ।

### Parts of Speech কাকে বলে ও কত প্রকার?

**Sentence- এ ব্যবহৃত প্রত্যেকটি Word কে এক একটি Part of Speech বলে ।** ইংরেজিতে Parts of Speech আট প্রকার:

1. ***Noun (বিশেষ্য) :*** যে কোন জিনিসের নাম। যেমন – Mahfuj, Chittagong, Poet, etc.
2. ***Pronoun (সর্বনাম) :*** সর্বনাম, নামের পরিবর্তে বেবহৃত হয়। যেমন – He, she, they, them, their, we, our, etc.
3. ***Adjective (বিশেষণ) :*** গুণ, দোষ, অবস্থা প্রকাশক শব্দ। যেমন – Good, bad, nice, beautiful, fat, fine, etc.
4. ***Verb (ক্রিয়া) :*** কোন কিছু করা। যেমন – Go, do, sleep, dance, run, fight, etc.
5. ***Adverb (ভাব বিশেষণ) :*** ক্রিয়া কিভাবে, কখন কোথায় সম্পন্ন হল তা বোঝায়। যেমন – There, well, nicely, etc.
6. ***Preposition (পদান্বয়ী অব্যয়) :*** word -এর আগে বসে পূর্ববর্তী word -এর সাথে ঐ word -এর সম্পর্ক স্থাপন করে। যেমন – in, into, from, for, to, off, etc.
7. ***Conjunction (সমুচ্চয়ী অব্যয়) :*** দুই বা ততোধিক word/clause -কে যুক্ত করে। যেমন – and, but, as, for, if, yet, unless, because, etc.
8. ***Interjection (আবেগসূচক অব্যয়) :*** আনন্দ , দুঃখ, আবেগ, হঠাৎ প্রকাশিত বিস্ময়, ঘৃণা, ভয় ইত্যাদি প্রকাশ করে। যেমন – Hurrah! (কি মজা!), Alas! (হায়!), Hush! (চুপ!), Fie! (ছি!), etc.

➢ Noun কাকে বলে?

যে সকল Word বা শব্দ দ্বারা কোনো কিছুর নাম নির্দেশ করা হয়ে থাকে (এটা হতে পারে কোনো ব্যক্তি বা কোন বস্তু বা অন্য কোন কিছু) সেসকল Word কে Noun বলা হয়। বেশকিছু Noun এর উদাহরণ হতে পারে: Pen, Book, Banana, Red, White ইত্যাদি।

Noun কত প্রকার ও কি কি?
Noun *পাঁচ* প্রকার। এগুলো হল:

1. ***Proper Noun*** (নামবাচক বিশেষ্য যা কোন নিদিষ্ট ব্যক্তি, বস্তু বা স্থানের নাম বুঝায়)
2. ***Common Noun*** (জাতিবাচক বিশেষ্য যা দ্বারা একই জাতীয় ব্যক্তি, বস্তু বা প্রাণীকে না বুঝিয়ে সে জাতীয় সকলকে বুঝায়)
3. ***Collective Noun*** (সমষ্টিবাচক বিশেষ্য যা দ্বারা কোন ব্যক্তি, বস্তু বা প্রাণীর সমষ্টিকে বুঝায়)
4. ***Material Noun*** (বস্তুবাচক বিশেষ্য যা দ্বারা কোন পদার্থের ওজন করা যায় কিন্তু গণনা করা যায়না)
5. ***Abstract Noun*** (গুণবাচক বিশেষ্য যা দ্বারা কোন ব্যক্তি বা বস্তুর গুণ, অবস্থা বা কাজের নাম প্রকাশ করা হয়)

# Noun

### ❖ Proper Noun চেনার উপায়ঃ

1. Proper Noun এর প্রথম অক্ষর capital হবে। ***Dhaka*** is the capital of ***Bangladesh***.
2. Proper Noun এর আগে The হবে না। ***Shamim*** passed the exam.
3. Proper Noun Plural হবে না। ***Karim*** runs in the field.

### ❖ Common Noun চেনার উপায়ঃ

1. A + noun সহকারে বাক্যের প্রথমে বসে। ***A dog*** is a faithful animal.
2. Plural সহকারে বাক্যে প্রথমে বসে। ***Boys*** are playing in the field.
3. The + Noun সহকারে বাক্যের শুরুতে বসে। ***The dog*** is a faithful animal.

### ❖ Collective Noun চেনার উপায়ঃ

1. Collective Noun দ্বারা একজাতীয়/সমজাতীয় ব্যাক্তি বা বস্তুর সমষ্টিকে বুঝায়।
2. Collective Noun আকারে Singular হলেও Verb Singular বা Plural হতে পারে, নিচে **Note**-এ আলোচনা করা হলো।
3. Collective Noun এর পূর্বে Article বসতেও পারে আবার নাও বসতে পারে।

**Note:**
The team **is playing** very well. (অবিভক্ত Team কে বুঝানো হচ্ছে তাই Verb singular)
The team **are going** their home. (Team ভেঙ্গে আলাদা আলাদা হয়ে তারা বাসায় ফিরে যাচ্ছে। বিভক্ত হয়ে গেছে তাই Verb plural হয়েছে।)

### ❖ Material Noun চেনার উপায়ঃ

* এটি গননা করা যায় না + এটি ওজন করে পরিমাণ/পরিমাপ করতে হবে + এটি Plural হবে না + এই Noun এর আগে আর্টিক্যাল The হবে না।

***কোনটা Material Noun এবং কোনটা Common Noun? কিভাবে চিনবেন?***

মাদার বস্তুটি হবে Material Noun এবং Child বস্তুটি হবে Common Noun.

**যেমনঃ**
মাদার=**Gold**= Material Noun
Child= Gold এর **ring, necklace** এগুলো হলো Common Noun
মাদার=**Wood**= Material Noun
Child= **Chair, table, door** etc = Common Noun.

### ❖ Abstract Noun চেনার উপায়ঃ

এসব Noun কে দেখা যায় না, ছোঁয়া যায় না, ব্যহ্যিক কোন আকার আকৃতি নেই, স্পর্শ করা যায় না, কোন গন্ধ পাওয়া যায় না। শুধু অনুভব করতে হয় এই ধরনের Noun কে Abstract Noun বলে। **যেমনঃ** Freedom, happiness, liberty, anger, kindness, love, beauty ইত্যাদি।

**Example:**
His **love** for me cannot be denied.
His **kindness** is his real beauty.
Her **beauty** makes me charmed.

Hashibul Hasan Sifat



**Hashibul Hasan Sifat**
*01705-919974 , 01515-280612*
*Jatiya Kabi Kazi Nazrul Islam University*

- Noun এর অবস্থান:

Noun এর অবস্থান 4টি অর্থাৎ Sentence-এ Noun 4 জায়গায় থাকে। যেমনঃ

1. Subject হিসেবেঃ **Dhaka** is the capital of Bangladesh
2. Verb-এর object হিসেবেঃ I eat a **Mango**.
3. Preposition এর object হিসেবেঃ I took Physics instead of **Chemistry**.
4. Possesive-এর পরঃ I like your **laptop**.

- Noun চেনার উপায়

শব্দের শেষে নিম্নলিখিত Suffix গুলো থেকে Noun চেনা যায় :
(-tion, -ment, -ness, -hood, -dom, -ship, -th, -ity,-gy, -phy, -my, -ure, -cy, -tude, -mony, -nce, – age, -er, -or, -sion, -ist, -ee, -ism)

# Pronoun

**Pronoun (*সর্বনাম*) :** Noun এর পরিবর্তে যে শব্দটি ব্যবহৃত হয় তাকে Pronoun বলে। বাক্যে Noun যে ভূমিকা পালন করে, Pronoun ও Noun এর পরিবর্তে ব্যবহৃত হয়ে ঠিক সে ভূমিকাই পালন করে।
যেমন : I, we, he, she, you, it, they ইত্যাদি।
> John is my friend. ***He*** is a good student.
এখানে ***He*** হচ্ছে Pronoun.

**Pronoun এর প্রকারভেদঃ** ইংরেজীতে Pronoun গুলোকে নয় ভাগে ভাগ করা হয়েছে। যথাঃ

1. Personal Pronoun – ব্যক্তিবাচক সর্বনাম
2. Possessive Pronoun – অধিকারসূচক সর্বনাম
3. Reflexive & Emphatic Pronoun – আত্মবাচক সর্বনাম
4. Demonstrative Pronoun – নির্দেশক সর্বনাম
5. Interrogative Pronoun – প্রশ্নবোধক সর্বনাম
6. Relative Pronoun – সম্বন্ধবাচক সর্বনাম
7. Distributive Pronoun – বন্টন নির্দেশক সর্বনাম
8. Indefinite Pronoun – অনিদিষ্টবাচক সর্বনাম
9. Reciprocal Pronoun – পরস্পর সম্বন্ধবাচক সর্বনাম।

**1. Personal Pronoun ( *ব্যক্তিবাচক সর্বনাম* ):** যে Pronoun কোন ব্যক্তি বা বস্তুর নামের পরিবর্তে বসে তাকে ***Personal Pronoun*** বলে ।
যেমন : I, we, he, she, you, they, our, them, it ইত্যাদি।
***Personal Pronoun*** তিন প্রকার। যথাঃ First Person, Second Person, Third Person.

> *First Person (উত্তম পুরুষ)*: যে Pronoun গুলো First Person হিসেবে ব্যবহৃত হয় সেগুলো হলো- I, me, we, us etc.
> *Second Person (মধ্যম পুরুষ)*: যে *Pronoun* গুলো *Second Person* হিসেবে ব্যবহৃত হয় সেগুলো হলো- You, your.
> *Third Person (নাম পুরুষ)*: যে *Pronoun* গুলো *Third Person* হিসেবে ব্যবহৃত হয় সেগুলো হলো- He, his, him, she, her, it, they, them etc.
***Personal Pronoun*** কখনো Subject আবার কখনো Object হিসেবে ব্যবহৃত হয়। তা নিম্নরূপঃ

**Subject ——— Object**
I ——— me
We ——— us
You ——— you
He ——— him
She ——— her
They ——— them

**2. Possessive Pronoun** ( ***অধিকারসূচক সর্বনাম*** ) **:** যে Pronoun কোন ব্যক্তি, বস্তু বা প্রাণীর অধিকার বুঝায় তাকে ***Possessive Pronoun*** বলে।
যেমন : My, mine, our, ours, your, yours, their, theirs, its, his, her, hers ইত্যাদি।
> *Possessive Pronoun*-এর দু'টি রূপ আছে। কিছু কিছু Pronoun আছে (*my, her, its, our, their*), সেগুলো Noun এর আগে বসে Adjective-এর মতো কাজ করে।
যেমনঃ This is **my** pen.
How nice **their** house is!
She is looking gorgeous in **her** dress.
আবার, কিছু কিছু Pronoun আছে ( *mine, hers, ours, yours, theirs* ) সেগুলো সরাসরি Pronoun হিসেবে ( *adj. রূপে নয়*) এবং এদের পরে কোন Noun বসে না। এদের আগে of বসে। যেমনঃ
This nice pen is **mine**.
It is book of **hers**.
Is he a friend of **yours**?

*Possessive Adjective* ও *Possessive Pronoun*–এর মধ্যে পার্থক্য তুলে ধরা হলোঃ

**Poss. adj. ——— Poss. pro.**
my ——— mine
our ——— ours
your ——— yours
his ——— his
her ——— hers
its ——— its
their ——— theirs

| Pronoun | | | |
|---|---|---|---|
| ***Subject Pronouns*** | ***Object Pronouns*** | ***Possessive Adjectives*** | ***Possessive Pronoun*** |
| I | Me | My | Mine |
| You | You | Your | Yours |
| He | Him | His | His |
| She | Her | Her | Hers |
| It | It | Its | Its |
| We | Us | Our | Ours |
| You | You | Your | Yours |
| They | Them | Their | Theirs |

**3. Reflexive & Emphatic Pronoun (*সম্বন্ধবাচক সর্বনাম*):**
> যে Pronoun দ্বারা Subject ও Object একই ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করে তাকে ***Reflexive Pronoun*** বলে। যেমনঃ
She killed **herself**. – সে আত্মহত্যা করেছিল।
You fan **yourself**. – তুমি নিজেকে বাতাস করছ।
He hurt **himself**. – সে নিজেকে আঘাত করল।

> Subject আর কারো সাহায্য ছাড়া নিজে নিজেই কাজটি করেছে, এটা জোর দেওয়ার জন্য ***Emphatic Pronoun*** ব্যবহৃত হয়। যেমনঃ
I ***myself*** did i t . – আমি নিজে এটি করেছিলাম।
He will do it ***himself***. – সে নিজে এটি করবে।
She ***herself*** has cooked her meal. – সে নিজেই নিজের খাবার রান্না করেছিল।

HASHIBUL HASAN SIFAT
Hashibul Hasan Sifat



**Hashibul Hasan Sifat**
*01705-919974 , 01515-280612*
*Jatiya Kabi Kazi Nazrul Islam University*

| **Singular** | **Plural** |
|---|---|
| myself | ourselves |
| yourself | yourselves |
| him/herself | themselves |
| itself | themselves |

**4. Demonstrative Pronoun (*নির্দেশক সর্বনাম*):** যে Pronoun কোন ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করে তাকে ***Demonstrative Pronoun*** বলে । যেমন : This, that, these, those, such, so, the same ইত্যাদি ।

| **Singular** | **Plural** |
|---|---|
| this | these |
| that | those |

***Demonstrative Pronoun*** কখনো কখনো Adjective হিসেবে ব্যবহৃত হয়। *[This/that/these/those+Noun]* এভাবে ব্যবহৃত হলে এদেরকে ***Demonstrative* Adjective** বলে। তবে শর্ত হলো এসব Pronoun এর পর Noun থাকতে হবে। যেমনঃ
**This** book is good. (adj.)

**Those** pens are nice. (adj.)
**This** is a good man. (pro.)

<u>**Demonstrative Pronoun** এর উদাহরন গুলো দেখে নেইঃ</u>
> **This** is my book and **that** is yours. – এই বইটি আমার ঐটি তোমার।
> He was a doctor and we believed him to be as **such**. – তিনি একজন ডাক্তার এবং আমরা তাকে তাই ভেবেছিলাম।
> Will it rain today?? I don't think **so**. – আজ কি বৃষ্টি হবে?? আমার তেমন মনে হয় না।
> They did **the same** as we. – তারা ঠিক একই রকম করেছিল যা আমরা করেছিলাম।

**5. Interrogative Pronoun (*প্রশ্নবোধক সর্বনাম*):** যে Pronoun দ্বারা কোন প্রশ্ন করা বুঝায় তাকে ***Interrogative Pronoun*** বলে। যেমনঃ Who, Whom, Whose, What, Which ইত্যাদি।

<u>উদাহরন গুলো দেখে নেইঃ</u>
> **Who** was the person?
> **Whom** do you love?
> **Whose** pen is this?
> **What** do you like to eat?
> **Which** of these pens is yours?

**6. Relative Pronoun *(সম্বন্ধবাচক সর্বনাম ):*** যে Pronoun পূর্বে উল্লেখিত কোন Noun বা Pronoun কে নির্দেশ পূর্বক দু'টি বাক্যকে যুক্ত করে তাকে ***Relative Pronoun*** বলে। যেমনঃ Who, whom, whose, which, what, that.

<u>উদাহরন গুলো দেখে নেইঃ</u>
> This is the man **who** came here yesterday is my uncle.
> This is the man **whom** I saw yesterday.
> This is the man **whose** pocket was picked.
> This is the baby **which** cried for its mother.
> I bought **what** he made.
> This is the table **that** I bought yesterday.
> This is the patient **that** was taken to the hospital.

**7. Distributive Pronoun (*বন্টন নির্দেশক সর্বনাম*):** Distribute মানে ভাগ করে দেয়া, বন্টন করে দেয়া। যে Pronoun অনেকগুলো ব্যক্তি বা বস্তু থেকে একটি বস্তু বা ব্যক্তিকে আলাদা করে বুঝায় তাকে ***Distributive Pronoun*** বলে। যেমন : Each, Every, Either, Neither ইত্যাদি।

<u>উদাহরন গুলো দেখে নেইঃ</u>
> **Each** of them went there.
> **Every**one wants to be happy.
> **Either** of the two boys is talent.
> There are two pens, **neither** is good.

**8. Indefinite Pronoun ( *অনিদিষ্টবাচক সর্বনাম*):** Indefinite মানে অনির্দিষ্ট। যে Pronoun দ্বারা কোন ব্যক্তি বা বস্তুকে অনিদিষ্টভাবে বুঝায় তাকে ***Indefinite Pronoun*** বলে। যেমন : Any, many, some, all, most, one, ones, no, none, several ইত্যাদি।

<u>উদাহরন গুলো দেখে নেইঃ</u>
> Do you have **any** book?
> **Many** saw the accident.
> I need **some** money.
> **Most** of the people are illiterate in our country.
> **One** should do one's duty.

**9. Reciprocal Pronoun *( পরস্পর সম্বন্ধবাচক সর্বনাম ):*** Reciprocal শব্দটির অর্থ হলো 'পরস্পর প্রতিক্রিয়াশীল'। যে Pronoun দ্বারা একাধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে পারস্পরিক সম্পর্ক বুঝায় তাকে ***Reciprocal Pronoun*** বলে।
যেমনঃ Each other, one another.

<u>উদাহরন গুলো দেখে নেইঃ</u>
> The two sisters help **each other**.
> The ten students love **one another**.
দু'জনের মধ্যে পারস্পরিক সম্পর্ক বুঝাতে each other ও অনেকের মধ্যে পারস্পারিক সম্পর্ক বুঝাতে one another ব্যবহৃত হয়।

# <u>Adjective</u>

যে সকল Word বা শব্দ দ্বারা কোন Noun বা Pronoun-এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করা হয় তাকে Adjective বলে।
**Examples**:
- ✓ He is a ***bad*** boy.(Pronoun এর দোষ)
- ✓ Salma is a ***beautiful*** girl. (এখানে beautiful দ্বারা Noun এর গুন বুঝাচ্ছে।)
- ✓ Sadia is ***happy.*** (Noun এর অবস্থা)
- ✓ They have ***five*** houses. (এখানে Noun এর সংখ্যা বুঝাচ্ছে)

- ✓ We need *one **litre*** milk daily. (Noun এর পরিমাণ বোঝাচ্ছে)

তাই ***Bad, beautiful, happy, five, one, litre*** ইত্যাদি word গুলো Adjective.

Adjective এর প্রকারভেদঃ

1. Descriptive Adjective
2. Adjective of Number
3. Quantitative Adjective
4. Demonstrative Adjective
5. Possessive Adjective
6. Interrogative Adjective
7. Distributive Adjective

<u>Descriptive/Qualitative adjective/Adjective of quality এর ব্যবহার</u>

Descriptive adjective দিয়ে সাধারণত Noun বা pronoun-এর কোয়ালিটি বা গুন বোঝায় এবং তার সম্পর্কে বর্ণনা করে।

**Examples**:

- ✓ He is an ***industrious*** boy.
- ✓ It is a ***nice*** flower garden.
- ✓ Bird's singing is ***charming***.

More adjective: *great, good, bad, beautiful, nice* ইত্যাদি।

<u>Adjective of Number এর ব্যবহার</u>

Nounবা Pronoun-এর ক্রম বা সংখ্যা প্রকাশ করতে বা নির্দেশ করতে এই Adjective of Number ব্যবহার করা হয়

**Examples**:

- ✓ I kept the pen in the ***first*** desk (ক্রম বুঝাচ্ছে)
- ✓ He bought ***four*** pens yesterday (সংখ্যা বুঝাচ্ছে)

More: Two, Three, Four, Seven, First, Second, Third, Fourth, Fifth, Single, Double, Trifle etc

<u>Adjective of Quantity/Quantitative Adjectiveএর ব্যবহারঃ</u>

Noun বা Pronoun-এর পরিমাণ বোঝাতে Quantitative Adjective ব্যবহার করা হয়।

**Examples**:

- ✓ Give me ***some*** water. (আমাকে কিছু পানি দাও)
- ✓ I have ***enough*** time to do this work. ( কাজটি করার জন্য আমার হাতে যথেষ্ট সময় আছে)
- ✓ There is a ***little*** milk in the glass. (গ্লাসে সামান্য পরিমাণ দুধ আছে)

More: Some, enough, many, much, whole, sufficient, all, none, nothing, half, more, less etc

<u>Demonstrative Adjective এর ব্যবহার</u>

কোন Noun বা Pronoun কে নির্দিষ্ট করে বোঝাতে এই Adjective ব্যবহার করা হয়।

**Examples**:

- ✓ ***This*** is my pen. (এটা আমার কলম)
- ✓ ***These*** mangoes are very tasty. (এই আম গুলো অনেক মিষ্টি)
- ✓ ***That*** is your room. ( ওইটি তোমার রুম)

<u>Possessive Adjective এর ব্যবহার</u>

মালিকানা বা নিজস্ব কোন কিছু/সম্পদ বোঝাতে Possessive Adjective ব্যবহার করা হয়।

**Examples**:

- ✓ I live in ***their*** house. (আমি তাদের বাড়িতে বাস করি)
- ✓ Sabrina has lost ***her*** phone. (সাবরিনা তার মোবাইল হারিয়ে ফেলেছে)

More: My, our, your, their, his, her, its etc

<u>Interrogative Adjective এর ব্যবহার</u>

সাধারণত Noun বা Pronoun কে প্রশ্ন করতে Interrogative Adjective ব্যবহার করা হয়।

**Examples**:

- ✓ ***What*** game do you like most? (তুমি কোন গেম সবচেয়ে বেশি পছন্দ করো?)
- ✓ ***Which*** college do you study in? ( তুমি কোন কলেজে পড়াশোনা করো?)
- ✓ ***Whose*** pen is this?( ইহা কার কলম?)

More: What, Which, Whose এগুলো Interrogative Adjective.

<u>Distributive Adjective এর ব্যবহার</u>

কোন গ্রুপে কাউকে বা কোন কিছুকে নির্দিষ্ট করে বোঝাতে Distributive Adjective ব্যবহার করা হয়।

**Examples**:

- ✓ ***Each*** of the boys will participate in the competition. ( প্রত্যেক বালক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে)
- ✓ ***Any*** of them can drive my car. ( তাদের যে কেউ আমার গাড়িটি চালাতে পারবে)
- ✓ ***Every*** person needs to be educated. ( প্রত্যেক ব্যক্তিকে শিক্ষিত হতে হবে)

<u>Degree of Adjective</u>

**Adjective of Degree তিন প্রকারঃ**

1. Positive
2. Comparative
3. Superlative

<u>Positive Degree এর ব্যবহার</u>

Positive ডিগ্রী দ্বারা কোন তুলনা করা বোঝায় না বরং এই Positive Degree দ্বারা সাধারণত কোন Noun বা pronoun এর দোষ গুণ বর্ণনা করে।

**Examples**:

- ✓ He is an ***intelligent*** boy. (সে একজন বুদ্ধিমান বালক)
- ✓ It is a ***beautiful*** house (ইহা একটি সুন্দর বাড়ি)
- ✓ Salman is ***tall*** ( সালমান লম্বা )

**Or,**

- ✓ Sadia is ***as intelligent as*** nadia. (সাদিয়া নাদিয়ার মতোই বুদ্ধিমতী)
- ✓ My house is ***as beautiful as*** your house. (আমার বাড়ি তোমার বাড়ির মত সুন্দর)
- ✓ Raihan is ***so tall as*** rahat. (রায়হান রাহাতের মতই লম্বা)

**Be careful**: এখানে এই বাক্যগুলোতে সাদিয়া এবং নাদিয়ার সাথে, My house এবং Your house এর সাথে, Salman এবং Rahat এর মধ্যে কোন তুলনা বোঝাচ্ছে না বরং উভয়ে এক-ই গুনের অধিকারী বোঝাচ্ছে।

<u>Comparative degree এর ব্যবহারঃ</u>

দুইটি জিনিস বা ব্যক্তির মধ্যে তুলনা বোঝাতে Comparative Degree/Comparative Adjective ব্যবহার করা হয়

**Examples**:

- ✓ Sifat is ***better than*** Rifat (রিফাত এর চেয়ে সিফাত ভালো)
- ✓ Saima is ***more beautiful than*** Naima (সায়মা নাইমার চেয়ে অনেক সুন্দরী)
- ✓ Kabir is ***taller than*** Sabbir (কবির সাব্বির এর চেয়ে লম্বা)

<u>Superlative Degree এর ব্যবহার</u>

দুইয়ের অধিক ব্যক্তি/বস্তুর মধ্যে তুলনা করতে Superlative Adjective ব্যবহার করা হয় এই Adjective দ্বারা সাধারণত সবচেয়ে ভালো/সবচেয়ে



**Hashibul Hasan Sifat**
*01705-919974 , 01515-280612*
*Jatiya Kabi Kazi Nazrul Islam University*

Hashibul Hasan Sifat

খারাপ/সবচেয়ে কম/সবচেয়ে বেশি/সবচেয়ে বড়/সবচেয়ে ছোট ইত্যাদি প্রকাশ করা হয়।

**Examples:**

- ✓ He is *the* ***best*** boy in our class. (আমাদের ক্লাসে সে সবচেয়ে ভালো ছেলে)
- ✓ She is *the* ***most beautiful*** girl in our village. (সে আমাদের গ্রামের সবচেয়ে সুন্দরী মেয়ে)
- ✓ Mr Barkat Ali is *the* ***oldest*** person in this area. (জনাব বরকত আলী আমাদের গ্রামে সবচেয়ে বয়স্ক মানুষ)

# Verb (ক্রিয়া বা কাজ)

Verb (ক্রিয়া) হল ইংরেজি বাক্যের প্রাণ। এটি বাক্যে না থাকলে আমরা আমাদের মনোভাব প্রকাশ করতে পারিনা। তাই বলা যায় যে Verb এবং Verb এর প্রকারভেদ সম্পর্কে ভাল জ্ঞান রাখা খুবই গুরত্বপূর্ণ। আমরা অনেকেই Finite Verb কি? এবং Non-Finite Verb কি সে সম্পর্কে জানিনা। এছাড়াও Verb এর আরো গুরত্বপূর্ণ কিছু বিষয় আছে যেগুলো নিয়ে আমরা প্রায়ই কনফিউশনে থাকি।

এরকম কয়েকটি বিষয় উল্লেখ করছিঃ-

✍ Transitive Verb ও Intransitive Verb কিভাবে চিনবো?


✍ Infinitive কি? এর সঠিক ব্যবহার কিভাবে করবো?

✍ Gerund ও Participle এর মধ্যে পার্থক্য কি?

আমরা সবাই জানি, যে Word দ্বারা কোন কিছু করা, হওয়া বা থাকা বোঝায় তাকে Verb বলে। Verb ছাড়া কোন বাক্য পরিপূর্ণভাবে গঠিত হতে পারে না।

Verb এর শ্রেণীবিভাগ নিম্নরূপঃ

Verb প্রধানত দুই প্রকার। যথাঃ Finite Verb ও Non-finite Verb.




➢ **Finite Verb নিয়ে আলোচনাঃ**

**Finite Verb (সমাপিকা ক্রিয়া) :** যে Verb কোন Sentence-এর বক্তব্যের সম্পূর্ণ অর্থ প্রকাশ করে এবং উক্ত Sentence-এ Subject-এর Number, Person বা Tense অনুযায়ী যার Form গঠিত হয় তাকে Finite Verb বলে। Finite Verb ছাড়া কোন বাক্য গঠন করা অসম্ভব। যেমনঃ

He ***plays*** Cricket everyday.
They ***play*** Cricket everyday.
They ***played*** Cricket yesterday.

এখানে ***plays***, ***play*** ও ***played*** হচ্ছে Finite Verb কারন প্রত্যেকটিতে পরিবর্তন দেখা যাচ্ছে।

**Finite Verb দুই প্রকার। যথাঃ Principal Verb ও Auxiliary Verb**

✍ **Principal Verb (মূল ক্রিয়া):** যে Verb অন্য কোন Verb-এর সাহায্য ছাড়াই স্বাধীনভাবে নিজের অর্থ প্রকাশ করতে পারে তাকে Principal Verb বলে। যেমনঃ

I ***read*** in class ten.
I ***write*** a letter.

এখানে ***read*** ও ***write*** হচ্ছে Principal Verb. এরকম আরো অসংখ্য Verb রয়েছে।

**Principal Verb কে দুই ভাবে ভাগ করা হয়েছে। যথাঃ Transitive Verb ও Intransitive Verb.**

1. **<u>Transitive Verb (সকর্মক ক্রিয়া)</u>:** যে Verb একাকী Sentence-এর অর্থ সম্পূর্ণ করতে পারে না, অর্থকে সম্পূর্ণ করার জন্য অন্য কোনো Word-কে Object হিসেবে গ্রহন করতে হয়, তাকে Transitive Verb বলে। **তার মানে এই দাড়ায়, যে Word-এর পর সরাসরি Object আনতে হয় তাকে Transitive Verb বলে।** যেমনঃ
   We ***play*** Cricket.
   They ***help*** me.
   She is ***writing*** a letter.
   এখানে ***play***, ***help*** ও ***writing*** হচ্ছে Transitive Verb. কারন এখানে Verb এর পর সরাসরি Object এসেছে।
2. **<u>Intransitive Verb (অকর্মক ক্রিয়া)</u>:** যেসব Verb-এর Object থাকে না বা Object এর প্রয়োজন হয় না সেসব Verb-কে Intransitive Verb বলে। যেমনঃ
   The boy ***walks.***
   She ***laughs.***
   Birds are ***flying.***
   এখানে Object ছাড়াই বাক্যগুলোর অর্থ সম্পন্ন হয়েছে তাই এগুলো Intransitive Verb.
   মোটকথা, এই সব Verb-এর পর আমরা সরাসরি Object বসাতে পারি না। আর, যদি Object বসাতেই হয় তবে তার পূর্বে Preposition বসাতে হবে। যেমনঃ Listen to me. ( Intransitive ) He said to me. ( Intransitve ) He told me. ( Transitive )

✍ **Auxiliary Verb (সাহায্যকারী ক্রিয়া):** যে Verb-এর নিজস্ব কোনো অর্থ নেই বরং Tense, Time, Voice, Mood বা Sentence গঠনের জন্য Principal Verb-কে সাহায্য করে তাকে Auxiliary Verb বলে। যেমনঃ

I ***am*** reading a novel.
She ***is*** going to Sylhet.

এখানে Principal Verb read ও go এর সাহায্যকারী হিসেবে ***am*** ও ***is*** বসেছে।

তবে ক্ষেত্রবিশেষে Auxiliary Verb (শুধু Primary) কখনও কখনও Principal Verb-এর মতো কাজ করে। যেমনঃ

I ***am*** a student. She ***is*** a doctor.

**Auxiliary Verb ও দুই ভাগে বিভক্ত। যথাঃ Primary Auxiliary ও Modal Auxiliary**

1. **Primary Auxiliaries:** যে Verb অবস্থানুযায়ী সাহায্যকারী আবার অবস্থানুযায়ী Principal Verb হিসেবে ব্যবহৃত হয় তাকে Primary Auxiliary Verb বলে। Primary Auxiliary Verb মোট ১৪টি। যথাঃ
   >> to be (am/is/are/was/were/be/being/been)=৮ টি
   >> to do (do/does/did)=৩ টি
   >> to have (have/has/had)=৩ টি
2. **Modal Auxiliaries:** যে Verb গুলির পর Main Verb এর Base Form বসে, to অথবা ing যুক্ত হয় না তাকে Modal Auxiliary Verb বলে। **Modal Auxiliary Verb মোট ১৩টি।** যথাঃ
   >> Shall, Should, Will, Would, Can, Could, May, Might, Must, Need, Dare, Ought to, Used to.

Hashibul Hasan Sifat
HASHIBUL HASAN SIFAT

➢ **Non-finite Verb নিয়ে আলোচনাঃ**

**Non-Finite Verb (অসমাপিকা ক্রিয়া):** যে Verb দ্বারা Sentence-এর বক্তব্য শেষ হয় না এবং কোন Subject-এর Person, Number ও Tense অনুযায়ী যার রূপ পরিবর্তন হয় না তাকে Non-finite Verb বলে। যেমনঃ
I **want** to ***watch*** TV.
She **wants** to ***watch*** TV.
She has **wanted** to ***watch*** TV.
এখানে ***want***, ***wants*** ও ***wanted*** হচ্ছে Finite Verb কারন প্রত্যেকটিতে পরিবর্তন দেখা যাচ্ছে। কিন্তু, দেখুন to watch অপরিবর্তিত রয়েছে। আর একেই Non-finite Verb বলে।

**Non-infinite Verb তিন প্রকার। যথাঃ Gerund, Infinitive ও Participle.**

***1.*** **Gerund**: যে Word ***Verb+ing*** দ্বারা গঠিত হয়ে একই সাথে Noun ও Verb এর কাজ করে তাকে Gerund বলে। Gerund কখনো Subject কখনো Object আবার কখনো বা Preposition-এর Object হিসেবে ব্যবহৃত হয়।
যেমনঃ
***Swimming*** is a good exercise.
I could not help ***laughing***.
He is tired of ***sleeping***.
এখানে ***Swimming*** হলো Subject, ***laughing*** হলো Object ও ***sleeping*** হলো Preposition-এর Object.
অপরদিকে Verbal Noun হচ্ছে সেসব Gerund, যা Noun এর কাজ করে কিন্তু Verb এর কাজ করে না। Verbal Noun দু'ভাবে গঠিত হয়।
> ***Suffix যোগেঃ*** refuse+al = refusal, accept+ance = acceptance, judge+ment = judgement etc.
> ***ing যোগেঃ*** believe+ing= believing, love+ing= loving, walk+ing= walking etc.
[ Structure: The+gerund+of ]
তার মানে হচ্ছে, Verb+ing এর পূর্বে the এবং পরে of বসে। যেমনঃ
I like the ***reading*** of English.
The refusal of my proposal saddened me.
তবে, I like reading English. এখানে ***reading*** হলো Gerund.
কি, বুঝতে পারলেন তো???
**[মনে রাখবেনঃ সব Gerund-ই Verbal Noun কিন্তু সব Verbal Noun Gerund নয়]**

***2.*** **Infinitive**: যে Non-finite Verb সবসময় Base Form থাকে এবং তার পূর্বে to থাকে তাকে Infinitive বলে।
যেমনঃ
She is too weak to walk.
I had a match to play.
এখানে to walk ও to play হচ্ছে Infinitive Verb.
**[মনে রাখবেনঃ Infinitive এর সাথে প্রায়শই to ব্যবহৃত হয়। কিন্তু বিশেষ কতগুলো Verb আছে যেমন- bid, let, make, need, are, see, hear, help এগুলোর পর Infinitive ব্যবহার করলে তাদের পরে to বসে না to উহ্য থাকে]**
He bade me go.
Let me sit here.
Make him understand.
কোন কিছু নির্ধারিত হয়ে আছে বুঝাতে be to এবং বাধ্যবাধকতা বুঝাতে have to/has to বসে। যেমনঃ
I am ***to do*** it. (এটি করার কথা )
He is ***to go*** there. (যাওয়ার কথা )
I have ***to do*** it. (করতে হবে )
He has ***to go*** there. (যেতে হবে )

***3.*** **Participle**: Participle হচ্ছে Verb-এর সেই পরিবর্তিত রূপ যা একইসাথে Verb ও Adjective-এর কাজ করে। Participle তিন প্রকার। যথাঃ
> Present Participle (verb+ing )
> Past Participle (verb এর 3rd form )
> Perfect Participle (having+$V_3$ )

***a)*** **Present Participle**-এ Verb এর সাথে ing যুক্ত হয়ে Adjective-এর মতো কাজ করে।
যেমনঃ
*A ***rolling*** stone gathers no moss.
*Look at the ***setting*** sun.

***b)*** **Past Participle**-এ Main Verb-এর 3rd form বসে Adjective-এর মতো কাজ করে। যেমনঃ
*The ***broken*** bottle was on the table.
*I saw a ***written*** letter on the floor.

***c)*** **Perfect Participle**-এ প্রথমে having তারপর Main Verb-এর 3rd form বসে Adjective-এর মতো কাজ করে। যেমনঃ
****Having completed*** his homework, John went to play.
****Having had*** her dinner, Sara went to bed.

**[মনে রাখবেনঃ Noun এর নিজস্ব গুণ বা বৈশিষ্ট্য অথবা Active Mood-এ থাকলে Present Participle হবে এবং Noun-এর উপর আরোপিত কোনো বৈশিষ্ট্য বুঝালে অথবা Passive Mood-এ থাকলে Past Participle হবে]**
যেমনঃ
*I saw a boy playing in the field.
*There is a burnt building.
এখানে প্রথমটি হচ্ছে Present Participle এবং দ্বিতীয়টি হচ্ছে Past Participle.

## Adverb (ক্রিয়া-বিশেষণ)

**Adverb ( ক্রিয়া-বিশেষণ)**
**সংজ্ঞা:** Adverb কোন verb , adjective বা অন্য Adverb কে modify করে। আবার ইহা একটি sentence কেও modify করতে পারে।
**প্রকারভেদ:** Adverb এর ব্যবহার অনুযায়ী উহাকে প্রধানতঃ তিন ভাগে ভাগ করা যায় ।
***1.*** Simple Adverb
***2.*** Interrogative Adverb
***3.*** Conjunctive Adverb

➢ Simple Adverb কাকে বলে?
যে adverb দ্বারা সরাসরি কোন শব্দ বা বাক্যের রূপ, অবস্থা ইত্যাদি বুঝায় তাকে Simple Adverb.
যেমনঃ He went early. You can run fast.

➢ Interrogative Adverb কাকে বলে?
যে adverb দ্বারা কিছু জিজ্ঞাসা করা বুঝায় তাকে Interrogative Adverb বলে।
Example: What are you doing? How old are you?

✓ Conjunctive Adverb কাকে বলে?
✓ যে adverb দ্বারা Conjunctive এর সংযোগ বা সমন্বয় বুঝায় তাকে Conjunction Adverb বলে।

HASHIBUL HASAN SIFAT
Hashibul Hasan Sifat



**Hashibul Hasan Sifat**
*01705-919974 , 01515-280612*
*Jatiya Kabi Kazi Nazrul Islam University*

- অর্থ অনুযায়ী Simple Adverb কে আবার সাত ভাগে ভাগ করা যায়ঃ
    1. Adverb of time
    2. Adverb of place
    3. Adverb of manner of Quality
    4. Adverb of degree or number
    5. Adverb of order
    6. Adverb of cause and effect
    7. Adverb of Affirmation and Negation
- ***Adverb of time** কাকে বলে?*
  এ Adverb দ্বারা কোন কাজ সম্পন্ন হওয়ার সময় নির্দেশ করে। যেমনঃ today , now , early , when , daily ইত্যাদি।
  I am taking my dinner ***now***.
- ***Adverb of place** কাকে বলে?*
  এ Adverb দ্বারা কোন কাজ সম্পন্ন হওয়ার স্থান বা জায়গাকে নির্দেশ করে। যেমনঃ far , near , above , below ইত্যাদি।
  I live ***near*** his house.
- ***Adverb of manner of Quality** কাকে বলে?*
  এ Adverb দ্বারা কোন কাজ সম্পন্ন হওয়ার পদ্ধতি বা ধরণকে নির্দেশ করে। যেমনঃ Slowly , Calmly , quickly , highly ইত্যাদি।
  He came here ***suddenly*** and ***quickly***.
- ***Adverb of degree or Number** কাকে বলে?*
  এ Adverb দ্বারা কোন কাজ সম্পন্ন হওয়ার পরিমাণ, মাত্রা ও সংখ্যাকে নির্দেশ করে। যেমনঃ very, too, much, Once, secondly, again ইত্যাদি।
  I have become *very* tired now after running 5 kilometres.
- ***Adverb of order** কাকে বলে?*
  এ Adverb দ্বারা কোন কাজ সম্পন্ন হওয়ার পর্যায়কে নির্দেশ করে। যেমনঃ firstly, secondly, thirdly, finally ইত্যাদি।
  *Firstly* I will go there *secondly* I will ask him why he did not come to the party.
- ***Adverb of cause and effect** কাকে বলে?*
  এ Adverb দ্বারা কোন কাজ সম্পন্ন হওয়ার কারণ বা ফলাফল নির্দেশ করে। যেমনঃ why, as, yet, so ইত্যাদি।
  He was sick *so* he could not do his duty.
- ***Adverb of Affirmation and negation** কাকে বলে?*
  এ Adverb দ্বারা কোন কাজ সম্পন্ন হওয়ার হাঁ বোধক বা না বোধক অবস্থা বা কাজ সম্পন্ন সম্পর্কিত সন্দেহ বা নিশ্চয়তা অবস্থা নির্দেশ করে। যেমনঃ yes, no, not, never, truly ইত্যাদি।
  I will *never* talk to him anymore

## ❖ Preposition (*পদান্বয়ী অব্যয়*)

যে সকল শব্দ সাধারণত noun বা pronoun এর সামনে বসে noun বা pronoun এর সাথে sentence এর অন্যান্য শব্দের সম্পর্ক প্রকাশ করে তাদেরকে **preposition** বলা হয়।

Hasna lives ***in*** Comilla.
Jewel was going ***to*** school.
Shima went ***with*** him.

ওপরের বাক্যগুলোতে ***in***, ***to***, ***with*** word ৩ টি যথাক্রমে Comilla, school, him এর পূর্বে বসেছে এবং এ word গুলোর সাথে বাক্যে ব্যবহৃত অন্যান্য শব্দগুলোর সম্পর্ক সৃষ্টি হয়েছে, তাই in, to, with word গুলো prepositions.

**Position of Prepositions**: (Preposition এর অবস্থান)

1. সাধারণত noun বা pronoun এর পূর্বে বসে। যেমনঃ Father bought the watch for me. এখানে for preposition টি me pronoun এর পূর্বে বসেছে।
2. Interrogative Pronouns, Interrogative adverbs, ও relative pronouns দ্বারা শুরু হয় এমন interrogative sentence এ preposition সব শেষে বসে। যেমনঃ What is Comilla famous for? Where does he come from? এখানে for এবং from preposition বাক্যের শেষে বসেছে।
3. কোন কোন sentence এ adverb এর পূর্বে preposition বসে। যেমনঃ Jalil walks in here and there. (walk in- হেঁটে চলা) We have heard the news before now.
4. কোন কোন sentence এ infinitive এর পূর্বে preposition বসে। যেমনঃ
   Mr. Ahsan is about to die.
   Zilani is about to go.

- গঠন ও কাজের ভিত্তিতে preposition গুলোকে সাত ভাগে ভাগ করা যায়। যথাঃ
    1. Simple Prepositions
    2. Double Prepositions
    3. Compound Prepositions
    4. Phrase Prepositions
    5. Participle Prepositions
    6. Disguised Prepositions
    7. Detached Prepositions

1) **Simple Prepositions** : যে সকল Preposition একটিমাত্র word দ্বারা গঠিত হয় সে সব preposition-কে simple preposition বলে । যেমনঃ at, by, for, on, with, from, in, to, off প্রভৃতি।
2) **Double Prepositions**: যে সকল Preposition বাক্যের অর্থ সম্পূর্ণ করতে দুইটি simple preposition এর সমন্বয়ে গঠিত হয়, তাদেরকে double Prepositions বলে । যেমনঃ into, upto, without, within প্রভৃতি।
   Into= in + to, without= with + out
3) **Compound Prepositions**: যে preposition গুলো দুই বা ততোধিক noun, pronoun বা phrase কে যুক্ত করতে ব্যবহৃত হয় তাদেরকে compound preposition বলে । যেমনঃ
   I will complete the work ***before*** Rima comes.
   She was asking ***about*** the exam.
   The river is running **across** the village. Ratan was coming ***along*** with his father.
4) **Phrase Prepositions** : যে preposition গুলো একগুচ্ছ শব্দরূপে থাকে এবং sentence এর বিভিন্ন অংশের মধ্যে সম্পর্ক স্থাপন করে তাদেরকে **phrase preposition** বলে। যেমনঃ
   Mina came here ***in order to*** invite me.
   We are standing ***in front of*** the entrance of the museum.
   Rony could not join the class **due to** his illness.
   I did not go to the exhibition **assuming** that it would be boring.
5) **Participle Prepositions** : যে সকল preposition present বা past participle বাক্যের মধ্যে বসে preposition এর মত কাজ করে তখন তাদেরকে participle Prepositions বলে । যেমনঃ

HASHIBUL HASAN SIFAT
Hashibul Hasan Sifat

A canal flows passed our village .
এরূপ regarding, pending, owing প্রভৃতি।

***6)*** **Disguised Preposition**: যে সকল preposition বাক্যের মধ্যে সংক্ষিপ্ত আকারে থাকে তাদেরকে Disguised Preposition বলে । যেমন অনেক সময় 'on' preposition টি সংক্ষিপ্ত রূপে 'o' হিসেবে এবং 'of' preposition টি সংক্ষিপ্ত রূপে 'o' হিসেবে ব্যবহৃত হয়।
I go there once (on) a week.
It is eight o'clock (of clock) in the morning.

***7)*** **Detached Prepositions**: Interrogative pronoun বা Interrogative adverb, Relatives pronoun বা Relative adverbs এর সাথে সম্পর্কযুক্ত যে সকল preposition বাক্যের প্রথমে না বসে বাক্যের শেষে বসে তাকে Detached preposition বলে । যেমনঃ
Where did Noman come from?
What is Sylhet famous for?

➢ ***Prepositions এর ব্যবহার*** **: Preposition rules in bangla**

***1.*** at/in এর ব্যবহারঃ ছোট স্থান বা সময়ের পূর্বে at বসে এবং বড় স্থান বা সময়ের পূর্বে in বসে । যেমনঃ
Jamal lives ***at*** Gazipur ***in*** Dhaka.
Shima went there ***at*** 10 O'Clock ***in*** the morning.

***2.*** In/Into: ভেতরে অবস্থান করা অর্থাৎ স্থিতিশীলতা বুঝাতে 'in' এবং ভেতরে প্রবেশ করা অর্থাৎ গতিশীলতা বুঝাতে 'into' ব্যবহৃত হয় । যথাঃ Mr.Azgar is ***in*** the class room. Jashim entered ***into*** the room.

***3.*** On/In/At: –
– দিন বা তারিখের পূর্বে 'On' বসে। She came here **on** Wednesday.
– মাস বা বছরের পূর্বে 'IN' বসে।
HE went to Chittagong in the month of May.
– নির্দিষ্ট সময়ের পূর্বে 'at' বসে।
Rehana came here **at** 8:30 pm

***4.*** Since/For: Point of time অর্থাৎ নির্দিষ্ট সময়, বার , বছর, মাস বুঝালে 'Since' বসে। He has been ill **since** last month.
– Period বা Space of time অর্থাৎ কিছু সময় ব্যাপিয়া বুঝাতে 'For' বসে।
He has been suffering from cold **for** three days

***5.*** Between/Among : দুই এর মধ্যে বুঝাতে 'Between' আর দুইএর অধিক বুঝাতে 'Among' ব্যবহার করা হয়।
He divided it ***between*** two sons.
I divided those mangoes ***among*** the students

***6.*** By/with : যে কাজ সম্পন্ন করে তার পূর্বে by এবং যে জিনিসের সাহায্যে সম্পন্ন হয় তাহার পূর্বে with বসে ।
He was beaten ***by*** the police. He killed the rat ***with*** a stick.

***7.*** In/Within : কোন সময়ের শেষ মুহূর্তে হলে 'in' এবং সময় উত্তীর্ণ হবার পূর্বে বুঝাতে 'within' ব্যবহার করা হয়। Noman will go ***in*** a week. Rahim will come ***within*** a month.

***8.*** In/After: ভবিষ্যৎকালে 'in' এবং অতীতকালে 'After' ব্যবহার হয়। Hasan shall go ***in*** a week. I went for a swim ***after*** breakfast

***9.*** In/On/To : সীমার মধ্যে বুঝাতে 'In' , সীমার উপর বুঝাতে 'On' এবং সীমার বাহিরে বুঝাতে 'To' ব্যবহার করা হয়। Rangpur is ***in*** the North of Bangladesh. Mianmar borders ***on*** Bangladesh.

***10.*** Beside/Besides : পার্শে বুঝাতে 'Beside' এবং অধিকন্ত অর্থে 'Besides' বসে।
Jhuma sat ***beside*** me.
***Besides*** books, he gave me stationaries.

***11.*** **At এর ব্যবহার** এক নজরে
১. ছোট শহর/জায়গার আগে at বসবে। যেমন: Ratan lives at agrabad
২. নিদৃষ্ট কোন সময় উল্লেখ থাকলে at বসবে। উদাহরণ: He goes to office at 10 am
৩. নিদৃষ্ট কোন দূরত্ব বোঝাতে at বসবে। উদাহরণ: Dhaka is at 500 KM from here.
৪. কোন দামের আগে at বসবে। উদাহরণ: Onion sells at tk 60 per kg.
৫. কোন দায়িত্ব বোঝাতে at বসবে। উদাহরণ: Ratul have to do this task at his own risk .

***12.*** **On এর ব্যবহার**
১. কোন কিছুর সাথে লেগে থাকা বোঝাতে On বসবে। উদাহরণ: Set the mirror on the desk.
২. বার/দিন/তারিখের আগে On বসবে। উদাহরণ: He did the work on sunday.
৩. কোন নদীর তীরে বোঝাতে On বসবে। উদাহরণ : Dhaka is on the Buriganga .
৪. নির্ভরতা বোঝাতে On বসবে । যেমন: We survive on Oxyzen.
৫. Floor এর সংখ্যা বোঝাতে on বসবে। উদাহরণ – The Meghna Bank is on the top floor.

## ***Conjunction (সমুচ্চয়ী অব্যয়)***

যে Word দুই বা ততোধিক Words, Phrase, Clauses, Sentences কে যুক্ত করে তাদেরকে Conjunction বলে। যেমন: And, But, As, So, or, Yet, Either, Neither, After, Before, Since, So that, That ইত্যাদি Words Conjunction রূপে ব্যবহৃত হয়।
Conjunction প্রধানত ৩ প্রকার:

***1.*** Co-ordinating Conjunction
***2.*** Subordination Conjunction
***3.*** Correlative Conjunction

➢ **Co-ordinating Conjunction:**
যে সকল Words সমজাতীয় Words, Phrase, Clauses, Sentences কে যুক্ত করে তাদেরকে Co-ordinating Conjunction বলা হয়।

➢ Con-ordinating Conjunction হলো: **And, but, for, nor, or, so, and yet ইত্যাদি।**

এগুলিকে সহজে মনে রাখার উপায় হলো FANBOYS অর্থাৎ,

| | | |
|---|---|---|
| F | = | for |
| A | = | and |
| N | = | nor |
| B | = | but |
| O | = | or |
| Y | = | yet |
| S | = | so |

**যেমন:**
Karim **and** Rahim are good friends.
Her two favorite sports are football **and** tennis.
I like coffee, **but** my sister prefers tea.
I like living in the village **but** my brother prefers living in the city.

HASHIBUL HASAN SIFAT
Hashibul Hasan Sifat

Karim is fifty-five, **yet** he still runs, swims, and plays football regularly.

- **Subordination Conjunction:**
  যে Conjunction গুলি Subordinating Clause কে Principle Clause/Main Clause এর সাথে যুক্ত করে তাদেরকে Subordination Conjunction বলে।
- **Subordination Conjunction গুলি হলো:**
  After, Even though, Though, Since, Why, Before, As, That, Provided That, While, Because, If, So that, Rather than, Until, Although, In order to, Than, When, Where, Even if, Unless, Once, Whenever, Wherever, Whether, Whereas**.**
  I am studying hard ***so that*** I can pass the exam.

- **Correlative Conjunction**:
  এই Conjunction গুলি জোড়ায় জোড়ায় ব্যবহৃত হয় অর্থাৎ একটি ব্যবহৃত হলে অপরটিও বসাতে হয়, এজন্য এগুলিকে Correlative Conjunction বলা হয়।
- **Correlative Conjunction গুলি হলো:**
  So…that, Such…that, Neither…nor, No sooner…than, The same…as, Such…as, Both…and, Hardly…when, Scarcely…when, Whether…or, As….as, If…then, Not only…but also, So many…that, Though…yet, So….as, Either…or, Other…than, Rather…than, just as … so
  Suma is ***not only*** beautify ***but also*** meritorious.
  ***Neither*** he ***nor*** I did broke the glass.
  She is ***both*** beautiful ***and*** talent.

# *Interjection (আবেগসূচক অব্যয়)*

যে শব্দ দ্বারা মনের আকস্মিক অনুভূতি যেমন আনন্দ, বিস্ময়, দুঃখ, প্রভৃতি প্রকাশ করে তাকে Interjection বলে।

যেমন: Alas!, Hurray!, Wow!, Hey!, Yippee! ইত্যাদি।

**Types of Interjections:** ৬ ধরণের interjections দেখা যায়।

***1.*** Interjections for Greeting
***2.*** Interjections for Joy
***3.*** Interjections for Approval
***4.*** Interjections for Surprise
***5.*** Interjections for Grief/Pain
***6.*** Interjections for Attention

***1.*** **Interjections for Greeting:** কাউকে সম্বোধন করে ডাকার জন্য বা মনোযোগ আকর্ষণ করে যে interjection ব্যবহৃত হয় তাকে interjection for greeting বলে।
যেমন: Hello!, Hey!, Hi! ইত্যাদি।

***2.*** **Interjections for Joy:** হঠাৎ ঘটে যাওয়া কোনো আনন্দ বা সুখ প্রকাশে যে interjection ব্যবহৃত হয় তাকে interjection for joy বলে।
যেমন: Wow! , Yippee!, Hurray! ইত্যাদি।

***3.*** **Interjections for Approval:** যে interjection এর মাধ্যমে বক্তার দ্বারা কোনো কিছু ঘটে যাওয়ার পক্ষে তীব্র সমর্থন বোঝায় তাকে interjections for approval বলে।
যেমন: Well done!, Bravo!, Brilliant!, Splendid! ইত্যাদি।

***4.*** **Interjections for surprise:** যে interjection এর মাধ্যমে বক্তার দ্বারা কোনো কিছু ঘটে যাওয়ার জন্য তীব্র বিস্ময় প্রকাশ করা হয় তাকে interjection for surprise বলে।
যেমন: Ah!, What!, Eh!, Oh!, Hey! ইত্যাদি।

***5.*** **Interjection for grief/pain:** যে interjection এর মাধ্যমে বক্তার দ্বারা কোনো দুঃখের বা বেদনাদায়ক ঘটনা ঘটে যাওয়ার জন্য তীব্র দুঃখের বা বেদনার অনুভূতি বোঝায় তাকে interjection for grief/pain বলে।
যেমন: Alas!, Oh!, Ouch!, Ah! ইত্যাদি।

***6.*** **Interjection for attention:** যে interjection এর মাধ্যমে বক্তার দ্বারা কোনোকিছুর প্রতি শ্রোতাদের দৃষ্টি আকর্ষণ করা বোঝায় তাকে interjection for attention বলে।
যেমন: Behold!, Look!, Hush!, Listen! ইত্যাদি।



**Hashibul Hasan Sifat**
*01705-919974 , 01515-280612*
*Jatiya Kabi Kazi Nazrul Islam University*

Hashibul Hasan Sifat